

ঈকোয়ালিটি স্কটল্যান্ড

বৃদ্ধবৃদ্ধাদের জন্য বাসস্থান

Equality Scotland
Housing for Older People

জব ওপর্চুনিটিস (চাকরি পাওয়ার স্ফযোগ বিষয়ে) রাজধানী থেকে অর্থ সাহায্য পেয়েছে।


জব ওপর্চুনিটিস সাপোর্ট প্রজেক্ট ক্যাপিটেল সিটি পার্টনারশীপ -এর কাছ থেকে অর্থ সাহায্য পেয়েছে, যার ফলে এরা আরও দুই বছর কাজ চালিয়ে যেতে পারবেন।

এই প্রজেক্ট 2006 সালে শুরু হয়েছিল; এরা বাসস্থান বি.এম.ই. কমিউনিটির লোকজনের জন্য বাসস্থান বিভাগে ও অন্যান্য সরকারি কর্মক্ষেত্রে চাকরি পাওয়া বাড়ানোর কাজে বিশেষ দৃষ্টি দিয়েছিলেন। ঈকোয়াল অপর্চুনিটিস প্রোগ্রাম একটি রিপোর্ট প্রকাশ করেছেন ‘মেকিং এ ডিফারেন্স’ (পার্থক্য এনে দেওয়া) এতে তারা প্রজেক্ট-এর প্রথম তিন বছরের গবেষণায় যা যা তথ্য পাওয়া গেছে এবং তাদের কাজের সাফল্যের কথা বিশেষভাবে জানিয়েছেন।

এই প্রজেক্ট যার এডিনবরা ও লোদিয়ান- এর প্রধান সরকারি সংস্থগুলির নিয়োগকর্তাদের সঙ্গে ‘পার্টনারশীপ’ (একসঙ্গে সহযোগিতা করে কাজ করার ব্যবস্থা) ছিল এরা তিন বছরে তিনশ লোককে সাহায্য করার যে লক্ষ্য স্থির করে নিয়েছিলেন তাকে ছাড়িয়ে গিয়ে এই সময়ের মধ্যে সবশুদ্ধ ৩০৭ জন লোককে সাহায্য করেছে। প্রজেক্ট যেসব লোককে সাহায্য করেছে তাদের মধ্যে ৫৫ জন স্থায়ী চাকরী পেয়েছেন।

এছাড়াও আরো ১০ জন অধিকতর দক্ষতা অর্জন করার জন্য উচ্চতর শিক্ষা অথবা বিভিন্ন ট্রেনিং কোর্স -এ প্রবেশ করেছেন। এবং ১১ জন জব অপর্চুনিটিস ডেভেলপমেন্ট অফিসার-এর উপদেশ অনুযায়ী ‘ভলান্টিরি’ বা স্বৈচ্ছাসেবী কাজ করছেন যাতে তারা এদেশের কাজ করার অভিজ্ঞতা অর্জন করতে পারেন এবং স্থায়ী কাজ পাবার স্ফযোগ বাড়তে পারেন।

জব অপর্চুনিটিস সাপোর্ট অফিসার এদের সবাই এর সঙ্গে যোগাযোগ রাখবেন এবং নতুন সহায়তা দেবার জন্য প্রস্তুত থাকবেন



এর ভিতরে ১৮

সংস্করণ

জুলাই 2009 ...

- ওল্ডার পিপলস সারভিসেস ডেভেলপমেন্ট প্রজেক্ট

- হ্যাপি টু ট্রাললেট

- পুরস্কারপ্রাপ্ত স্বীকৃতি

- দশ বার্ষিক উৎযাপন

ঈকোয়াল অপর্চুনিটিস দলের সদস্যদের উদ্দেশ্যে আন্তরিক বিদায় সম্ভাষণ:

আমাদের কয়েকজন সদস্যদের যারা কাজ ছেড়ে চলে যাচ্ছেন আমরা দুঃখের সঙ্গে তাদের বিদায় জানিয়েছি। তামিকো ম্যাকি যিনি পাঁচ বছর অবধি ‘হ্যাপি টু ট্রাললেইট’ লোগো ডেভেলপমেন্ট অফিসার হিসেবে এই উদ্যোগে কাজ করার পর অন্য কাজে চলে গিয়েছেন। আমাদের এই সংস্থাই উনিই প্রথম অফিসার হিসেবে কাজ করেছেন এবং আমাদের উদ্দেশ্যকে একটা আধারথারণা থেকে কাজ পরিণত করার ব্যাপারে তার বিশেষ অবদান আছে। আমরা রানা সালাম, শুভাম শিক্কা, গৌরব বজ্জি এবং ক্লেয়ার ডোলানকেও বিদায় সম্ভাষণ জানিয়েছি। ঈকোয়াল অপর্চুনিটিস প্রোগ্রাম-এ তাদের কাজ অল্পদিনের জন্যে হলেও বিশেষ মূল্যবান, এজন্য তাদের আমরা ধন্যবাদ জানাচ্ছি।

ঈকোয়াল অপর্চুনিটিস টীম

“ঈকোয়াল অপর্চুনিটিস প্রোগ্রাম”

রোহিনী শর্মা

হাউজিং ঈকোয়াল অপর্চুনিটিস
টেলি: 0131 444 4950
ই-মেইল: rsharma@trustha.org.uk

নীল ডটনাগর

ওল্ডার পিপলস সারভিসেস
কো-অরডিনেটর
টেলি: 0131 444 4952
ই-মেইল: neerub@trustha.org.uk

এনথোনি লি চু

ওল্ডার পিপলস সারভিসেস
কো-অরডিনেটর
টেলি: 0131 444 4941
ই-মেইল: lchu@trustha.org.uk



এই নিউজলেটার ট্রাস্ট, হানোভার(স্কটল্যান্ড) এবং বীল্ড হাউজিং এসোসিয়েশন মিলিত হয়ে প্রকাশ করেছে। আগেকার সংখ্যাগুলি www.EqualityScotland.com -এ দেখতে পাওয়া যাবে আপনি যদি কোনো মন্তব্য বা পরামর্শ দিতে চান অথবা আপনার কোনো অনুষ্ঠান না প্রোজেক্ট এতে প্রকাশ করার জন্য অনুরোধ করতে চান তাহলে অনুগ্রহ করে যোগাযোগ করুন।

ইকোয়াল ওপর্চুনিটিস প্রোগ্রাম

Equal Opportunities Programme
12 New Mart Road, Edinburgh EH14 1RL
Tel: 0131 444 4942 Fax: 0131 444 4949

www.EqualityScotland.com

এডিনবরা

ট্রাস্ট এইচ.এ.
12 New Mart Road
Edinburgh EH14 1RL
টেলি: 0131 444 1200
www.trustha.org.uk

হেনোভার (স্কটল্যান্ড) এইচ.এ.

95 McDonald Road
Edinburgh EH7 4NS
টেলি: 0131 557 0598
www.hsha.org.uk

বীল্ড এইচ.এ.

79 Hopetoun Street
Edinburgh EH7 4QF
টেলি: 0131 273 4000
www.bield.co.uk

গ্লাসগো

ট্রাস্ট এইচ.এ.

25 Park Circus
Glasgow G3 6AP
টেলি: 0141 341 3200
www.trustha.org.uk

হেনোভার (স্কটল্যান্ড) এইচ.এ.

5 Newton Place
Glasgow G3 7PR
টেলি: 0141 353 1353
www.hsha.org.uk

বীল্ড এইচ.এ.

12 Somerset Place
Glasgow G3 7JT
টেলি: 0141 270 7200
www.bield.co.uk

ডান্ডি

বীল্ড এইচ.এ.

Kingsburn Court Pitalpin
Street, Dundee
Angus, DD2 2TY
টেলি: 01382 612307
www.bield.co.uk

আরান

আইল অফ আরান হাউজ

Springbank, Brodick
Isle of Arran KA27 8BE
টেলি: 01770 303700
Fax 01770 303701

এলাগন

হেনোভার (স্কটল্যান্ড)

Housing Association Ltd
12 Institution Road
Elgin IV30 1QX
টেলি: 01343 548585
Fax: 01343 549519

‘ঈকোয়াল অপর্চুনিটিস প্রোগ্রাম’ (সবাইকে সমান স্ফযোগ স্ফবিধা দেওয়ার কাজ

করেছেন এমন সংঘ) প্রধান ইউরোপিয়ান ফোরামের সঙ্গে যোগ দিয়েছেন

হাউজিং ঈকোয়াল অপর্চুনিটিস-এর ম্যানেজার রোহিনী শর্মা যোসী ‘ইউরোপীয়ান গুড প্রাকটিশ এঞ্জচেইনজ ফোরাম’ (কাজে ভালো নীতি ও পদ্ধতি আনার ভাব বিনিময়ের গোষ্ঠী) -এ যোগদান করেছিলেন। এদের প্রথম এঞ্জচেইনজ প্রোগ্রাম জার্মানিতে মে মাসে হয়। এই ফোরামটি হল যারা নিজেদের দেশ ছেড়ে এসে ইউরোপে বসবাস করছেন এইরকম বৃদ্ধবৃদ্ধাদের পক্ষে সক্রিয় ও স্বস্থ থেকে ভালোভাবে দিন কাটান এই ব্যাপারে বিশেষজ্ঞ ইউরোপের বিভিন্ন দেশ থেকে সব মিলিয়ে ১০ জন

আমন্ত্রিত অতিথি ও কর্মকর্তারা সবাই ইউরোপে এই বৃদ্ধাবৃদ্ধাদের জন্য সেবা ব্যবস্থার উন্নতি করা যায় পরস্পরের অভিজ্ঞতা থেকে সেটা শিখতে চেয়েছেন। এই ইউরোপীয় প্রজেক্ট সারা ইউরোপে এই বৃদ্ধবৃদ্ধাদের জন্য এবং তাদেরই সাহায্য নিয়ে নানারকম কাজকর্মের পরিকল্পনা কাজ শুরু এবং সেবা দেওয়া সম্পর্কে তথ্য দেওয়ার উদ্দেশ্যে একটি ‘গুড প্রাকটিশ (ভালোভাবে কাজ করা) পুস্তিকা প্রকাশ করার কাজ করছেন এবং ঈকোয়াল অপর্চুনিটি প্রোগ্রাম তাদের নিজেদের প্রজেক্ট -এর বিশদ বিবরণ তাদের জানাবেন।

দশম বার্ষিক অধিবেশন

এই বছর ‘ঈকোয়াল ওপর্চুনিটিস প্রোগ্রাম’ পক্ষে একটি বিশেষ বছর। এ বছর আমরা স্কটল্যান্ডে প্রথম জাতীয় বি.এম.ই. বৃদ্ধবৃদ্ধাদের দশম বার্ষিক অধিবেশন উদযাপন করছি। এই অধিবেশনে আমরা যেসব কাজে সফলতা লাভ করেছি তা বিশেষভাবে জানান হবে এটা এবছর শরৎ কালে স্কটিশ গভর্নমেন্ট -এর ‘এইজ এ্যান্ড ওল্ডার পিপল’ বিভাগের সাথে সম্মিলিত হয়ে অনুষ্ঠিত হবে।

গত দশকে এই প্রোগ্রাম নানারকম প্রজেক্ট-এর সাহায্যে বি.এম.ই. কমিউনিটির অনেক বৃদ্ধ লোকদের ও তরুণদের সাহায্য করেছে ও সহায়তা দিয়েছে। কিছু লোক যারা প্রজেক্ট-এর কাছে থেকে সাহায্য পেয়েছেন এই অধিবেশনে একটি ছোট ফিল্ম তাদের খ্যাতি দেখান হবে।

নিউজলেটার-এর পরের সংখ্যায় এই অধিবেশনের বিশেষ অনুষ্ঠানগুলি জানান হবে।

একটি প্রবীণ প্রজন্মের বিশেষ বিশেষ স্মৃতিকে ধরে রাখা

‘ঈকোয়াল ওপর্চুনিটিস মেমোরিস প্রজেক্ট’ বিশ শতাব্দীতে যারা নানা দেশ থেকে এদেশে এসেছেন তাদের মধ্যে কিছুলোকের স্মৃতিকথা সংগ্রহ করছেন। প্রথম এসে পৌঁছিয়ে তারা যে কেবল ভয়ের মধ্যে দিয়ে কাটিয়েছেন প্রজেক্ট তাদের সেই অভিজ্ঞতাকে রেকর্ড করবেন এবং তাদের সাফল্য এবং ভালো ও স্বথের অভিজ্ঞতা এবং স্মৃতির কথাও বলা হবে। ভবিষ্যৎ প্রজন্ম যাতে এই থেকে কিছু শিখতে পারে এবং তাদের ভালো লাগবে এই ভেবে আমরা এই স্মৃতিকথা ধরে রাখতে চাইছি। যারা টাকা পয়সা দিয়ে সাহায্য করতে পারবেন তাদের এইসব গল্পের কিছু নমুনা দেওয়া হবে এবং তা থেকে পড়ে সেগুলি বড় করে নেওয়া হবে। এই প্রজেক্ট -এর কাজ কিভাবে এগোচ্ছে তা আমরা আপনারদের জানাব।



লটারি থেকে আর্থিক সাহায্য পাওয়া বৃদ্ধবৃদ্ধাদের প্রজেক্ট উন্নতির জন্য বিশেষ পর্যায়ের এসে পৌঁছেছে

ওল্ডার পিপলস প্রজেক্ট বয়স্ক বি.এম.ই. লোকদের প্রয়োজনীয় বেনিফিট ও সেবা পেতে সাহায্য করার উদ্দেশ্যে তৈরি হয়। 2008 সালের জানুয়ারী মাসে কাজ শুরু করার পর থেকে এরা ৩৫০-র বেশি লোক ঠিকমত বেনিফিট পাচ্ছেন কিনা এটা পরীক্ষা করে দেখতে পেরেছেন। এটা একটা বিশেষ সাফল্য।

এই প্রজেক্ট লটারি থেকে আর্থিক সাহায্য পেয়েছেন এবং £২৭০,০০০ এর বেশি টাকা বিভিন্ন বেনিফিটের জন্য সংগ্রহ করে বয়স্ক বি.এম.ই. লোকদের জীবন উন্নত করে তোলার কাজে সফল হয়েছেন। এ ছাড়াও বয়স্ক বি.এম.ই. লোকদের যে সব অন্য সেবা পাবার অধিকার আছে, যেমন ডিস্যাবিলিটি এ্যালাউয়েন্স এবং বাড়িতে সেন্ট্রাল হিটিং বসান, সেগুলি পাবার ব্যবস্থা করে দিয়ে তাদের সাহায্য করেছেন।

এই প্রজেক্ট সারা স্কটল্যান্ডের বয়স্ক বি.এম.ই. লোকদের সঙ্গে যোগাযোগ করে তাদের নানাভাবে সাহায্য করার কাজ করে যাবেন। এই উন্নতি করার কাজের মধ্যে থাকবে অন্যান্য প্রজেক্ট ও সংস্থার সঙ্গে মিলে কাজ করার ব্যাপার আরো বাড়িয়ে তোলা এবং আরো বিশেষ অনুষ্ঠান করেম যেমন ১৩ই জুন স্টারলিং-এ সেন্ট্রাল স্কটল্যান্ড রেশিয়াল ষ্ট্রিকোয়ালিটি কার্ডসিলের সঙ্গে এক হয়ে একটি অনুষ্ঠান করা হয়েছিল, কমিউনিটি বা জনসাধারণের সঙ্গে যোগাযোগ আরো বাড়িয়ে তোলা। স্টারলিং-এর অনুষ্ঠানটির মধ্যে ছোট ছোট দল করে একটি আলোচনা সভার ব্যবস্থা করা হয়েছিল। এখানে বয়স্ক লোকদের ভবিষ্যৎ প্রয়োজন নিয়ে আলোচনা করা হয় এবং যারা অংশগ্রহণ করেছিলেন তারা সবাই নিজেদের মতামত দিয়েছিলেন যা বেশ মূল্যবান।

প্রজেক্ট-র প্রধান কর্মীরা ডে-সেন্টার ও অন্য কমিউনিটি প্রতিষ্ঠানের সঙ্গে মিলে ‘ডে-সার্জারী’ (যেখানে লোকজন তাদের সমস্যার কথা বলার জন্য আসতে পারেন) খুলবেন। এগুলি সম্পর্কে সব খবর দেওয়া হবে।

আপনার বয়স যদি ৬০ বা তার বেশি হয় অথবা আপনি এমন কাউকে জানেন যার এখরনের সেবার প্রয়োজন তাহলে অনুগ্রহ করে নীরুকে (0131 444 4952) অথবা এ্যানটনিকে (0131 444 4941) এ্যাপয়ন্টমেন্ট-এর জন্য যোগাযোগ করুন। আমরা লোকদের সাহায্য করার সঙ্কল্প নিয়েছি তা তার স্কটল্যান্ড-এর যেখানেই থাকুন।



এই প্রজেক্ট -এর কো-অর্ডিনেটর ফোকাস গ্রুপ আলোচনা পরিচালনা করছেন

প্যারাডিগম ইংল্যান্ড-এ ‘হ্যাপি টু ট্রান্সলেইট’ লোগো’-র কাজ শুরু করল



‘হ্যাপি টু ট্রান্সলেইট’ জুন মাসে ইংল্যান্ড বাসী সদস্যদের প্যারাডিগম হাউজিং-এর প্রারম্ভিক অনুষ্ঠানে আনন্দের সঙ্গে যোগ দিলেন।

এই উপলক্ষে দক্ষিণ পূর্ব ইংল্যান্ডের প্রতিষ্ঠান প্যারাডিগম যারা সাধারণ দামের বাসস্থান দেবার কাজ করে, একটি অনুষ্ঠানের ব্যবস্থা করেছিলেন যাতে হিলিংডন কাউন্সিলের সদস্যরা এবং তার মেয়র, পুলিশ, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলি এবং কমিউনিটি দলগুলি যোগ দিয়েছিলেন অতিথিদের শাড়া পরার এবং সোমালি প্রথা অনুযায়ী হাতে হেনা দিয়ে নক্সা দেওয়ার স্বযোগ দেওয়া হয়েছিল।

আমাদের আগের সংখ্যা বেরোবার পর ‘হ্যাপি টু ট্রান্সলেইট’-এর সদস্য সংখ্যা বেড়ে গিয়ে ৩৩ হয়েছে। আমরা নীচে লেখা নতুন সংখ্যা সংস্থাদের অভ্যর্থনা জানাচ্ছি এবং ভাষা সহায়তা দেবার জন্য উন্নত করা এবং বাড়িয়ে তোলার কাজে তাদের শুভেচ্ছা জানাচ্ছি।



রোহিনী শর্মা জোসী,
হ্যাপি টু
ট্রান্সলেইট এবং জন
থিওকেট
প্যারাডিগম

শেটেলটন হাউজিং এসোসিয়েশন
স্কটিশ চ্যারিটি রেগুলেটরের অফিস
অখিল ভিউ হাউজিং এসোসিয়েশন
মোরে হাউজিং পার্টনারশীপ

‘হ্যাপি টু ট্রান্সলেইট’ কর্মীবৃন্দ জানুয়ারী মাস থেকে তাদের কাজ বিভিন্ন অধিবেসনে, সারাদেশে কমিউনিটি অনুষ্ঠানে এবং আন্তর্জাতিকভাবেও বাড়িয়ে চলেছেন। এই দল আরো অন্যান্য প্রতিষ্ঠানকে সদস্য করবার জন্য চেষ্টা করে যাবেন। এরা বি.এম.ই. কমিউনিটির সঙ্গেও যোগাযোগ রাখবেন যাতে ক্রমশঃ সবাই লোগোর কথা জানতে পারে।



এশীয় মহিলাদের পুরস্কার প্রাপ্তি

আমরা আয়িশা এবং নীরুকে প্রথম এশিয়ার মহিলাদের জন্য ‘এমপাওয়ারমেন্ট এওয়ার্ড’ (পুরস্কার) পাবার জন্য আমাদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এই অনুষ্ঠান এডিনবরায় এ্যাসেমবলি রুম-এ 2009 সালের 29 জুন মাসে হয়েছিল। এডিনবরার এশিয়ার মহিলাদের সংস্থা নারী কল্যাণ সংঘ এই অনুষ্ঠানের ব্যবস্থা করেছিল।



নীরু ভটনাগর

নীরু ভটনাগর বি.এম.ই. কমিউনিটিকে সহায়তা দেবার জন্য বিভিন্ন মেনটর (পরামর্শদাতা) এবং মেন্টী (পরামর্শ গ্রহণকারী) দের সঙ্গে কাজ করে মেনটর শ্রেণীর পুরস্কার পেয়েছেন। এছাড়া বিভিন্ন কমিউনিটি প্রজেক্ট-র সঙ্গে কাজ করার জন্য এবং এডিনবরায় ‘ইন্ডিয়ান মিউজিক এ্যান্ড ড্যান্স কালেক্টিভ’ তৈরির কাজে সহ প্রতিষ্ঠাতা হওয়ার জন্য বিশেষ প্রশংসা পান।



আয়িশা নাদীম

আয়িশা তার কাজে নতুন কিছু প্রবর্তন করা এবং সক্রিয়তার জন্য পুরস্কার পেয়েছেন এবং পেনসন বেনিফিট আউটরীচ ওয়ার্কার হিসাবে তার কাজের জন্য বিশেষ স্বীকৃতি পেয়েছেন। আয়িশা বিশেষভাবে প্রশংসা পেয়েছেন বি.এম.ই. বয়স্ক লোকদের জন্য কাজ করায় যাদের সঙ্গে সহজে যোগাযোগ করা যায় না। তাদের তিনি সাহায্য করেছেন পেনসন বেনিফিট এবং অন্যান্য সেবা পেতে যে সব পাবার যোগ্যতা তাদের আছে। তার কাজ বি.এম.ই লোকদের অনেক বাধা কাটিয়ে উঠতে সাহায্য করেছে এবং তাদের আত্মবিশ্বাস বাড়িয়েছে এবং নিজের সম্পর্কে ভালো ধারণা করে নিতে সাহায্য করেছে।

বেনিফিট পাওয়ার সহজ নির্দেশ এবং তার সঙ্গে এখনকার টাকার পরিমাণ

বেনিফিট পাওয়ার সহজ নির্দেশ এবং তার সঙ্গে 2009/10 সালের নতুন বেনিফিট-এর তথ্য বহু ভাষায় আমাদের ওয়েব সাইট-এ এখন পাওয়া যাবে:

www.EqualityScotland.com website

